Times Today BD

জেলা প্রতিনিধি | চট্টগ্রাম | 15 April, 2025

নোয়াখালী সদর উপজেলার একটি মার্কেটে আগুনে পুড়ে নয়টি দোকান ছাই হয়ে গেছে।তবে আগুন লাগার কারণ সম্পর্কে কিছু জানাতে পারে নি ফায়ার সার্ভিস।ব্যবসায়ীদের অভিযোগ গভীর রাতে পূর্বপরিকল্পিতভাবে মার্কেটে আগুন লাগানো হয়েছে।

সোমবার (১৫ এপ্রিল) রাত দেড়টার দিকে সদর উপজেলার নোয়ান্নই ইউনিয়নের পশ্চিম নরোত্তম পুর গ্রামের আমিন মার্কেটে এই অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি ইউনিট স্থানীয়দের সহযোগিতায় এক ঘন্টা চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনেন।

আগুনে ভস্মীভূত দোকান গুলো হলো, আলমগীর কবির ফার্মেসী, আল্লাহর দান ভ্যারাইটিজ স্টোর, প্রাইম ফ্যাশন টেইলার্স, ইউসুফ ডেকোরেশন, রিসিকা হেয়ার কাটিং, নুরুজ্জামান স্টোর গোডাউন, তাকওয়া এন্টারপ্রাইজ, মোল্লা চা স্টোর ও সালমান সোবহান ভ্যারাইটিজ।

মার্কেটের মালিক ও ব্যবসায়ী আলমগীর কবির বলেন, রাত সোয়া ১টার দিকে জানতে পারি মার্কেটে আগুন লাগছে।তাৎক্ষণিক এগিয়ে এসে মাইজদী ফায়ার সার্ভিস স্টেশনে ফোন করি, ওনারা আসার মাত্র আধাঘন্টার ব্যবধানে মার্কেটের সবগুলো দোকান পুড়ে ছাই হয়ে যায়।

তারা বলেন, আমরা এখানকার খেটে খাওয়া মানুষ।আমাদের ঘুরে দাঁড়াবার শক্তি নেই, যোগান নেই।ষড়যন্ত্র করে একযোগে মার্কেটের সব ব্যবসা প্রতিষ্ঠানে পেট্রোল ঢেলে আগুন লাগিয়ে দেওয়া হয়েছে।এতে আমাদের প্রায় ১ কোটি টাকার মতো ক্ষয়ক্ষতি হয়।আগুন লাগানোর কিছু আলামত আমরা পুলিশের নিকট হস্তান্তর করেছি।আশা করছি পুলিশ তদন্ত করে দোষীদের শনাক্ত করবে।

স্থানীয় ইউপি সদস্য ইসমাইল হোসেন রুবেল বলেন, উদ্দেশ্য প্রনোদিতভাবে এই আগুন লাগানো হয়েছে বলে ধারণা করা হচ্ছে।একযোগে সব দোকানে আগুন জ্বলার দৃশ্যই বলে দেয় এটি পরিকল্পিত। প্রশাসনকে অনুরোধ করবো যাতে দ্রুত সময়ের মধ্যে তদন্ত করে দুষ্কৃতিকারীদের আইনের আওতায় আনা হয়।

সদর ফায়ার স্টেশনের ফায়ার ফাইটার মনছুর বয়াতি বলেন, আগুন লাগার কারণ তদন্ত শেষে বলা যাবে।এতে আনুমানিক ১০লক্ষ টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। খবর পেয়ে ফায়ার সার্ভিসের একটি ইউনিট আগুন নিয়ন্ত্রণে আনে।

রহস্যজনক আগুন ফায়ার সার্ভিস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:55

URL: https://timestodaybd.com/chittagong/834775807